সমকাল
05 NOV 2013
পৃষ্ঠা ২ কলাম ৪

# স্কুল-কলেজের বার্ষিক পরীক্ষা এগিয়ে আনা হচ্ছে

■ সমকাল প্রতিবেদক

স্কুল-কলেজের বার্ষিক পরীক্ষা এগিয়ে আনা হচ্ছে। জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশনের (ইসি) অনুরোধে এ উদ্যোগ নেওয়া হচ্ছে। গত ২৮ অক্টোবর নির্বাচন কমিশন স্কুল-কলেজের বার্ষিক, টেস্ট ও ভর্তি পরীক্ষা ডিসেম্বরের প্রথম সপ্তাহের মধ্যে শেষ করতে শিক্ষা সচিব, প্রাথমিক ও গণশিক্ষা সচিব এবং মাউশি ও প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালকসহ সব বোর্ড চেয়ারম্যানকে চিঠি দেয়।

ইসির অনুরোধের পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি) এবং প্রাথমিক শিক্ষা

■ পৃষ্ঠা ১৫ : কলাম ৮

## স্কুল-কলেজের

[প্রথম পৃষ্ঠার পর]

অধিদফতর ডিসেম্বরের প্রথম সপ্তাহের মধ্যে বার্ষিক পরীক্ষা শেষ করতে নির্দেশনা জারি করেছে।

পরীক্ষা এগোনোর উদ্যোগের কথা স্বীকার করে প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক শ্যামল কান্তি ঘোষ গতকাল সমকালকে বলেন, জাতীয় নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন অনুরোধ করেছে, তাই বার্ষিক পরীক্ষা এগিয়ে আনা হচ্ছে। এ অবস্থায় বর্ষপঞ্জি অনুসরণ করা সম্ভব নয়।

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বর্ষপঞ্জি অনুযায়ী, ৭ থেকে ১৮ ডিসেম্বরের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

অন্যদিকে, মাধ্যমিক স্তরের ষষ্ঠ থেকে নবম শ্রেণীর বার্ষিক পরীক্ষা হওয়ার কথা ২১ নভেম্বর থেকে ৪ ডিসেম্বরের মধ্যে। এ ছাড়া বিভিন্ন কলেজের দ্বাদশ শ্রেণীর নির্বাচনী পরীক্ষা চলছে এবং একাদশ শ্রেণীর বার্ষিক পরীক্ষা হওয়ার কথা রয়েছে।

এ ব্যাপারে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুন সমকালকে বলেন, মাঠ পর্যায়ের কর্মকর্তাদের ইতিমধ্যেই নির্দেশনা দেওয়া হয়েছে। তারা নির্বাচন কমিশনের চিঠির বিষয়ে যথাযথ পদক্ষেপ নেবে।

নির্বাচন কমিশনের চিঠিতে নির্বাচন অনুষ্ঠানের প্রেক্ষাপট উল্লেখ করে বলা হয়, সরকারি, সরকারি অনুদানপ্রাপ্ত সব স্কুল, কলেজ, মাদ্রাসার বার্ষিক পরীক্ষা, টেস্ট পরীক্ষা, ভর্তি পরীক্ষাসহ সব পরীক্ষা আগামী ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহের মধ্যে সম্পন্ন করার অনুরোধ করা হলো। সেই সঙ্গে শিক্ষা বোর্ড, বিশ্ববিদ্যালয়ের অধীন সব পাবলিক পরীক্ষাও ডিসেম্বরের প্রথম সপ্তাহের মধ্যে সম্পন্ন করার অনুরোধ করা হলো।